বুড়িপোতা ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের মেম্বর শাহাদত হোসেন

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের ৮ নং ওয়ার্ডের মেম্বর নির্বাচনে মামলাতেও হেরে গেলেন আলমগীর হোসেন নামের সেই মেম্বর প্রার্থী।

গতকাল মেহেরপুর যুগ্ম জজ-১ এর আদালতের বিজ্ঞ বিচারক মো: শাহাদত হোসেনকে ওই ওয়ার্ডের মেম্বর হিসেবে বহাল রাখেন।

জানা গেছে, ২০২১ সালের ২৮ নভেম্বর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে তিন জন প্রার্থী প্রতিদ্বন্দ্বীতা করেন। এরা হলেন আলমগীর হোসেন (টিউবওয়েল মার্কা), শাহাদত হোসেন মোরগ) ও মুঞ্জুরুল হক (ফুটবল)।

নির্বাচনে শাহাদত হোসেন মোরগ প্রতীকে ৯৪৩ ভোট পেয়ে নির্বাচিত হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী আলমগীর হোসেন (টিউবওয়েল) প্রতীকে পান ৯২৮ ভোট ও মুঞ্জুরুল ইসলাম ফুটবল প্রতীকে ভোট পান ৫৬১ ভোট। ওই দিন নির্বাচন কমিশন শাহাদত হোসেনকে বিজয়ী ঘোষণা করলেও আলমগীর হোসেন এই রায়ের বিরুদ্ধে মামলা করেন যার নং ৩/১২ইং।